# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 09 May, 2025

আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে রাজধানীর শাহবাগ মোড়ে ছাত্র-জনতার অবস্থান কর্মসূচি চলমান থাকবে বলে ঘোষণা দিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।শুক্রবার (০৯ মে) রাতে নিজের ভেরিফাইড ফেসবুক পেজে দেয়া এক স্ট্যাটাসে এই ঘোষণা দেন তিনি।

স্ট্যাটাসে নাহিদ লিখেছেন, 'শাহবাগের অবস্থান চলমান থাকবে।দলমত নির্বিশেষে আওয়ামী লীগ ও দেশের সার্বভৌমত্ব প্রশ্নে জুলাইয়ের সকল শক্তি এক থাকবে এটাই প্রত্যাশা।ঢাকা শহরের বিভিন্ন স্থানে ব্লকেড চালু হয়েছে।দ্রুত সময়ের মধ্যে সিদ্ধান্ত না আসলে সমগ্র বাংলাদেশ আবারও ঢাকা শহরে মার্চ করবে।

তিনি আরও লিখেছেন, 'দেশের সার্বভৌমত্ব বিরোধী, স্বাধীনতা বিরোধী, জুলাই বিরোধী, গণতন্ত্র বিরোধী, ইসলাম বিরোধী, নারী বিরোধী, মানবতা বিরোধী ফ্যাসিস্ট সন্ত্রাসী মুজিববাদী সংগঠন আওয়ামী লীগকে নিষিদ্ধকরণে বাংলাদেশপন্থি সকল শক্তি ঐক্যবদ্ধ হই।

উল্লেখ্য, শুক্রবার প্রধান উপদেষ্টার বাসভবনের সামনে সমাবেশ শেষে মিছিল নিয়ে এসে শাহবাগ মোড় অবরোধ করেছে ছাত্র-জনতা।

এর আগে আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে সমাবেশে এনসিপি ছাড়াও বিভিন্ন রাজনৈতিক দল ও ইসলামি সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। সাধারণ ছাত্র ও নাগরিকদেরও প্ল্যাকার্ড-ফেস্টুন হাতে যোগ দিতে দেখা যায়।কেউ কেউ মিছিল নিয়ে সমাবেশস্থলে পৌঁছান।

তার আগে বৃহস্পতিবার রাত থেকে আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার বাসভবন যমুনার সামনে অবস্থান কর্মসূচি চালিয়ে আসছে এনসিপি, শিবির সহ কয়েকটি সংগঠন।শুক্রবার সকালেও দলটির নেতাকর্মীরা সেখানে স্লোগান দিতে দেখা যায়।

শাহবাগ এনসিপি নাহিদ ইসলাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 18:17

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/2542102210